# আল-হাসানাহ্ স্কুল

পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
ই-মেইল: ahisc.bd@gmail.com, ওয়েবসাইট: www.ahis.edu.bd

## ভর্তি বিজ্ঞপ্তি-২০২৫ শিক্ষাবর্ষ

আল-হাসানাহ্ স্কুলের ২০২৫ শিক্ষাবর্ষে নার্সারী থেকে ৮ম শ্রেণি এবং ৯ম শ্রেণির বিজ্ঞান শাখায় সীমিত আসনের বিপরীতে ভর্তি পরীক্ষায় (মৌখিক ও লিখিত) অংশগ্রহণের জন্য আবেদন পত্র আহ্বান করা হলো।

**ভর্তি পরীক্ষার জন্য যোগ্যতা :**

২০২৫ শিক্ষাবর্ষে নার্সারি শ্রেণির ভার্তির জন্য শিক্ষার্থীর বয়স $৪^+$ বছর, প্রথম শ্রেণিতে $৬^+$ বছর হতে হবে। ১ম-৫ম শ্রেণিতে ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের পূর্ববর্তী শ্রেণি উত্তীর্ণ হতে হবে। ৭ম ও ৮ম শ্রেণিতে ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের অবশ্যই ৬ষ্ঠ শ্রেণির রেজিস্ট্রেশন কার্ড/পূর্ববর্তী শ্রেণি পাসের প্রশংসাপত্র থাকতে হবে। ৯ম শ্রেণিতে ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের অবশ্যই ৮ম শ্রেণির রেজিস্ট্রেশন কার্ড/ প্রশংসাপত্র থাকতে হবে।

**আবেদন শুরুর তারিখ:** ১৬ নভেম্বর, ২০২৪ খ্রি.
**আবেদনের শেষ তারিখ:** নার্সারি থেকে ৫ম শ্রেণি- ১৮ ডিসেম্বর, ২০২৪ খ্রি.
৬ষ্ঠ শ্রেণি থেকে ৯ম শ্রেণি- ০২ জানুয়ারি, ২০২৫ খ্রি.

**ভর্তি ফরম জমাদান ও প্রবেশ পত্র সংগ্রহের জন্য করণীয় :**

**অফিস হতে প্রদত্ত ভর্তি ফরম পূরণ করার নিয়মাবলী :**

- ➔ আবেদন ফি ২০০/- টাকার বিনিময়ে বিদ্যালয় অফিস কক্ষ থেকে উপরে উল্লেখিত সময়ের মধ্যে ভর্তি পরীক্ষার আবেদন ফরম সংগ্রহ করা যাবে।
- ➔ ফরমের তথ্য সমূহ সঠিকভাবে পূরণ করে আবেদনকারীর ২ কপি পাসপোর্ট সাইজের ছবিসহ উপরে উল্লেখিত তারিখ ও সময়ের মধ্যে বিদ্যালয় অফিস কক্ষে জমা দিয়ে প্রবেশপত্র সংগ্রহ করা যাবে।
- ➔ আবেদন ফরমের তথ্যের জন্ম তারিখ অংশটি জন্ম নিবন্ধন অনুযায়ী পূরণ করতে হবে। জন্ম তারিখে ভুল তথ্য প্রদান করলে, ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হলেও ভর্তির অযোগ্য হিসেবে বিবেচিত হবে।

**অনলাইনে ভর্তি ফরম পূরণ করার নিয়মাবলী :**

- ➔ আবেদনকারীকে আল-হাসানাহ্ স্কুল এর অফিশিয়াল ওয়েবসাইট https://ahis.edu.bd/ অথবা https://ahis.edu.bd/online-admission/ ওয়েবসাইটের মাধ্যমে ভর্তির জন্য আবেদন সম্পন্ন করতে হবে। এই সাইট সমূহে আবেদনকারী ভর্তি সংক্রান্ত নির্দেশিকা, লিংক এবং নোটিশ দেখতে পাবেন।
  - i) আবেদনকারীকে শিক্ষার্থীর স্ক্যান করা অথবা ডিজিটাল ক্যামেরায় তোলা 120 px × 150 px মাপের একটি রঙ্গিন ছবি jpg ফরমেটে আবেদনের পূর্বেই প্রস্তুত রাখতে হবে। ফাইলের সাইজ 100 KB এর বেশি হবে না।
  - ii) যে কোন ইন্টারনেট ব্রাউজার হতে https://ahis.edu.bd/ ওয়েবসাইটে প্রবেশ করে এডমিশন মেনু থেকে অনলাইন এডমিশন এ ক্লিক করে শ্রেণি নির্বাচন করতে হবে অথবা https://ahis.edu.bd/online-admission/ ওয়েবসাইটে প্রবেশ করে হোম পেইজ-এ শ্রেণি নির্বাচন করতে হবে।
  - iii) Go অপশনে ক্লিক করলে নতুন পেইজ আসবে। ফরম ফিলআপের নিয়মাবলী ও নির্দেশনা ভালোভাবে পড়ার পর নিচের দিকে স্ক্রল করলে অনলাইন এডমিশন ফরম পাওয়া যাবে।
  - iv) প্রয়োজনীয় সঠিক তথ্য ইনপুট দিয়ে অনলাইন আবেদন সম্পন্ন করতে হবে। আবেদন সম্পন্ন করার পর অভিভাবক/আবেদনকারীর মোবাইলে প্রাপ্ত SMS অথবা কম্পিউটার স্ক্রিনে প্রদর্শিত ফরম সিরিয়াল নম্বর (FSN) ও পাসওয়ার্ড প্রিন্ট/সংরক্ষণ করবেন।
  - v) অনলাইন আবেদন করার পর শিক্ষার্থীর ফরম সিরিয়াল নম্বর (FSN) ও পাসওয়ার্ড ব্যবহার করে "এ্যাডমিশন প্যানেল"-এ (ahis.edu.bd/sms-portal) লগ-ইন করে "Make Payment" মেনু থেকে প্রাপ্ত বিল নম্বর (Bill Number) জেনে ডাচ্-বাংলা মোবাইল ব্যাংকিং (Rocket App-এর মাধ্যমে) বিলার আইডি: 5145-এ নির্দিষ্ট বিল নম্বর ইনপুট দিয়ে নির্ধারিত আবেদন ফি: ২০০/- (দুইশত টাকা) জমা দিতে হবে।

**পরীক্ষার তারিখ ও সময় :**

i) ২০/১২/২০২৪ খ্রি. নার্সারি ও সিনিয়র কেজি এবং ২১/১২/২০২৪ খ্রি. জুনিয়র কেজির মৌখিক পরীক্ষা সকাল ৯:০০ টা থেকে বিকাল ৪:০০ টার মধ্যে গ্রহণ করা হবে ।

ii) ২১/১২/২০২৪ খ্রি. ১ম-৫ম শ্রেণি এবং ০৬/০১/২০২৫ খি. ৬ষ্ঠ-৯ম শ্রেণির লিখিত পরীক্ষা সকাল ১০:০০ টায় অনুষ্ঠিত হবে।

ii) ডাউনলোডকৃত প্রবেশ পত্রে পরীক্ষার তারিখ, সময় ও স্থান উল্লেখ থাকবে। এছাড়াও আবেদন ফরমে প্রদানকৃত মোবাইল নম্বরে SMS প্রদান করা হবে।

**ফলাফল প্রকাশ :**

স্কুলের নোটিশ বোর্ড, ওয়েবসাইট, স্কুলের অফিসিয়াল ফেইসবুক পেইজ এবং SMS এর মাধ্যমে পরীক্ষার ফলাফল জানা যাবে।

**ভর্তির তারিখ :**

নার্সারি থেকে ৫ম শ্রেণিতে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের ২২/১২/২০২৪ খ্রি. থেকে ২৫/১২/২০২৪ খ্রি. এবং ৬ষ্ঠ-৯ম শ্রেণিতে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের ০৭/০১/২০২৫ খ্রি. থেকে ০৯/০১/২০২৫ খ্রি. এর মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র ও ভর্তি ফি অফিস চলাকালীন সময়ে জমা দিয়ে ভর্তি সম্পন্ন করতে হবে।

**ক্লাস শুরুর তারিখ:** নার্সারি, জুনিয়র কেজি ও সিনিয়র কেজি - ০৫ জানুয়ারি, ২০২৫ খ্রি.
১ম, ২য় ও ৩য় শ্রেণি - ০৬ জানুয়ারি, ২০২৫ খ্রি.
৪র্থ থেকে ১০ম শ্রেণি - ০৭ জানুয়ারি, ২০২৫ খ্রি.

**ভর্তি পরীক্ষার পদ্ধতি ও মানবন্টন :**

- ➔ নার্সারি, জুনিয়র কেজি ও সিনিয়র কেজি শ্রেণিতে আবেদনকারী শিক্ষার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার দিন অবশ্যই পূর্ববর্তী শ্রেণির মূল নম্বরপত্র (যদি থাকে) ও জন্ম সনদের অনলাইন কপি সাথে আনতে হবে।
- ➔ প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে ভর্তির জন্য পূর্ববর্তী শ্রেণির পাঠ্যপুস্তক হতে বাংলা-১৫, ইংরেজি-১৫, গণিত-১৫, ধর্ম-১০, সাধারণ জ্ঞান-৫ সর্বমোট-৬০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে। সময়-১ ঘন্টা।
- ➔ তৃতীয় শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত ভর্তির জন্য পূর্ববর্তী শ্রেণির পাঠ্যপুস্তক হতে বাংলা-২০, ইংরেজি-২০, গণিত-২০, ধর্ম-১০ ও সাধারণ জ্ঞান-১০ সর্বমোট ৮০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে। সময়-১:৩০ মিনিট।
- ➔ ষষ্ঠ শ্রেণি থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত ভর্তির জন্য পূর্ববর্তী শ্রেণির পাঠ্যপুস্তক হতে বাংলা-২৫, ইংরেজি-২৫, গণিত-৩০, ধর্ম-১০ ও বিজ্ঞান-১০ সর্বমোট-১০০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে। সময়-২ ঘন্টা।
- ➔ নবম শ্রেণিতে ভর্তির জন্য পূর্ববর্তী শ্রেণির পাঠ্যপুস্তক হতে বাংলা-২০, ইংরেজি-৩০, গণিত-৩০, বিজ্ঞান-১০ ও ধর্ম-১০ সর্বমোট ১০০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে। সময়-২ ঘন্টা।
- ◈ লিখিত পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। মৌখিক পরীক্ষার তারিখ ও সময় নোটিশ বোর্ড, ফেইসবুক পেইজ, ওয়েবসাইট এবং আবেদনকারী/অভিভাবকের মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।
- ◈ মৌখিক পরীক্ষার দিন অবশ্যই পূর্ববর্তী শ্রেণির মূল নম্বর পত্র, জন্ম সনদের অনলাইন কপি, ৭ম ও ৮ম শ্রেণিতে ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের অবশ্যই ৬ষ্ঠ শ্রেণির রেজিস্ট্রেশন কার্ড/ পূর্ববর্তী শ্রেণি পাসের প্রশংসাপত্র থাকতে হবে। ৯ম শ্রেণিতে ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের অবশ্যই ৮ম শ্রেণির রেজিস্ট্রেশন কার্ড/ প্রশংসাপত্র সাথে আনতে হবে।

**বিশেষ দ্রষ্টব্য :**

১। আবেদন পত্রে প্রার্থী/অভিভাবক প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে। বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং SMS এর মাধ্যমে প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক ভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

২। ভর্তি পরীক্ষার জন্য কলম, পেন্সিল, স্কেল, রাবার, জ্যামিতি বক্স ইত্যাদি পরীক্ষার্থীকে সঙ্গে নিয়ে আসতে হবে।

৩। পরীক্ষা শেষে প্রশ্নপত্র পরীক্ষার্থী সাথে নিয়ে যেতে পারবে না।

৪। পরীক্ষার হলে কোন ইলেকট্রিক ডিভাইস যেমনঃ ট্যাব, মোবাইল ফোন, ডিজিটাল ডায়েরী, ডিজিটাল ঘড়ি, ক্যালকুলেটর ইত্যাদি আনা সম্পূর্ণ নিষিদ্ধ।

৫। ভর্তি সংক্রান্ত নীতিমালার যে কোন ধারা ও উপধারা পরিবর্ধন, সংশোধন ও সংযোজন এর অধিকার স্কুল কর্তৃপক্ষের রয়েছে।

৬। ভর্তি সংক্রান্ত তথ্য, ভর্তি পরীক্ষার ফলাফল ও অন্যান্য তথ্যাবলী স্কুলের ওয়েবসাইট https://ahis.edu.bd ও স্কুলের অফিসিয়াল ফেইসবুক পেইজ https://www.facebook.com/ahis.edu.bd -এ পাওয়া যাবে।

৭। চাহিদাকৃত কাগজপত্রের ঘাটতি, ত্রুটিপূর্ণ কাগজপত্র অথবা তথ্যের গড়মিলের জন্য কর্তৃপক্ষ যে কোন আবেদন বাতিল করার অধিকার রয়েছে।

৮। বিশেষ প্রয়োজনে ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য ই-মেইল ahisc.bd@gmail.com এ যোগাযোগ করা যাবে।

৯। বিশেষ প্রয়োজনে কল করুন ঃ ০১৭৩১-৪৩৬০৪১, ০১৭৩৮৫৩৯৮৭৮।

(মো. রাশেদুল ইসলাম)
প্রধান শিক্ষক
আল-হাসানাহ্ স্কুল
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

রেজিস্ট্রার
আল-হাসানাহ্ স্কুল
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।